

তথ্য, শিক্ষা ও উন্নয়ন (আইইএম) ইউনিট

নিম্ন স্বাক্ষরতার হার এবং অন্যান্য আর্থ- সামাজিক সূচকের নিম্ন অবস্থা সত্ত্বেও বাংলাদেশে পরিবার পরিকল্পনা কর্মসূচি একটি সফল সর্বসূচি। জম্মনিয়ন্ত্রণ সামগ্রীর ত্রুট্যবর্ধমান ব্যবহার বৃদ্ধির সাথে মোট প্রজননহার হ্রাস এর বিষয়টি অঙ্গীভাবে জড়িত। ধারাবাহিক রাজনৈতিক অঙ্গীকার, সৃজনশীল কার্যক্রম গ্রহণ, সরকারি ও বেসরকারি কার্যক্রমের সমন্বয়, শক্তিশালী তথ্য, শিক্ষা ও যোগাযোগ কার্যক্রম এবং মাঠ প্রশাসনের সুদৃঢ় অঙ্গীকারের কারণে এ অর্জন সম্ভব হয়েছে। স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে সুনির্দিষ্ট তথ্য, শিক্ষা ও উন্নয়ন কার্যক্রম বিগত চার দশক ধরে এ দেশে অত্যন্ত সফল বলে প্রমাণিত। গৃহীত যোগাযোগ কার্যক্রমের ফলে জম্মনিরোধক ব্যবহারের হার ও ছোট পরিবার গঠনের প্রতি মানুষের বোঁক বেড়েছে। মোট প্রজনন হার, শিশু ও মাতৃমৃত্যু হার, শ্বসতন্ত্রের অসুস্থিতা এবং নারীর প্রতি সহিংসতা কমেছে। তাছাড়া নিরাপদ মাতৃত্ব, শুধু মাতৃদুর্ঘ পান, নবজাতকের যত্ন, বয়ঃসন্ধিকালীন যত্ন, লিঙ্গ সমতা, সর্বজনিন টীকাদান ইত্যাদি বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

সূচনালগ্ন হতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন আইইএম ইউনিট তথ্য, শিক্ষা ও যোগাযোগ কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নে অঞ্চলী ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী ও বেসরকারি সংস্থার সাথে সমন্বয়পূর্বক এ কার্যক্রম সারাদেশে পরিচালিত হচ্ছে।

পরিবার কল্যাণ সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মাধ্যমে পরিচালিত আন্তঃব্যক্তিক যোগাযোগ কার্যক্রমের পাশাপাশি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকেও সমান গুরুত্বের সাথে ব্যবহার করা হয়েছে। সওরের দশকের মাঝামাঝি বাংলাদেশ বেতারে এবং আশির দশকের শুরুতে বাংলাদেশ টেলিভিশনে পৃথক জনসংখ্যা সেল খোলা হয়। আইইএম ইউনিটের অর্থায়নে তখন থেকেই বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন উদ্বৃষ্ট জনগোষ্ঠীর সচেতনতা বৃদ্ধির জন্য নানাবিধি কার্যক্রম পরিচালনা করছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য, লিঙ্গ সমতা ও এইচআইভি/ এইডস এসকল বিষয়ে বাংলাদেশ বেতার (ঢাকা ও অন্য ১১টি উপকেন্দ্র) প্রতিদিন প্রায় ৩৬০ মিনিট প্রচার কার্যক্রম পরিচালনা করে। একই বিষয়ে বাংলাদেশ টেলিভিশন শুক্রবার ব্যতীত প্রতিদিন ২৫ মিনিটের কার্যক্রম পরিচালনা করে।

বাংলাদেশ বেতারের জনসংখ্যা সেল পরিবার পরিকল্পনা এবং মা ও শিশুস্বাস্থ্য বিষয়ে যেসকল কার্যক্রম পরিচালনা করে তার মধ্যে আলোচনা অনুষ্ঠান, সাক্ষাৎকার, সরাসরি অনুষ্ঠান ফোন ইন, উন্নয়ন পরগমূলক গান, ডকুমেন্টারী ইন্ডেন্টস, ছোট গল্প ও জিংগেল অন্যতম। বাংলাদেশ টেলিভিশন যেসকল অনুষ্ঠান প্রচার করে তার মধ্যে সিনেমা, টিভি-স্পট, ম্যাগাজিন অনুষ্ঠান, টক-শো, নাটক, ধারাবাহিক নাটক, স্বল্পদৈর্ঘ্য চলচিত্র ও মিডিজিক ভিডিও অন্যতম।

আইইএম ইউনিট কর্তৃক বাস্তবায়িত আইইসি অপারেশন প্ল্যানের প্রধান প্রধান কার্যক্রমঃ

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আই ই সি অপারেশনাল প্ল্যানের অন্তর্গত কার্যক্রমের আওতায় আইইএম ইউনিট কার্যক্রমসমূহ পরিচালনা করে থাকে। এছাড়াও ইউএনএফপিএ, ইউএসএআইডি এবং সেভ দ্য চিল্ড্রেন এর সাথে যৌথভাবেও বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবেক সকল কার্যক্রমই আইইসি অপারেশনাল প্ল্যানভুক্ত নিম্নবর্ণিত প্রধান প্রধান কার্যক্রমের আওতায় পরিচালিত-

- উন্নয়ন করণ, সচেতনতা বৃদ্ধি এবং মননশীলতার উন্মেষ;
- দক্ষতা উন্নয়ন ও লজিস্টিক্স সহায়তা;
- তথ্য, শিক্ষা ও যোগাযোগ বিষয়ক সামগ্রী তৈরী, বিতরণ ও প্রদর্শন;
- তথ্য, শিক্ষা ও যোগাযোগ বিষয়ক কার্যক্রম পরিদর্শন, মূল্যায়ন, পরিবীক্ষণ ও জরিপ কার্যক্রম পরিচালনা;
- গণ মাধ্যমের জন্য যোগাযোগ উপকরণ প্রস্তুত ও সম্প্রচার।

